# 2023

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against each questions.*

## UNIT – I (Prose)

### 'ক'– গুচ্ছ : (গদ্যাংশ)

*১, ২ ও ৩ নম্বর প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে – ক, খ, গ । প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ।*

১। ওয়াটার্লুর যুদ্ধ সংঘটিত হয় – ১

(ক) ১৮১৪ খ্রিস্টাব্দে ।

(খ) ১৮১৫ খ্রিস্টাব্দে ।

(গ) ১৮১৬ খ্রিস্টাব্দে ।

২। সাংখ্য দর্শনের প্রবক্তা – ১

(ক) মহর্ষি কপিল ।

(খ) চার্বাক মুনি ।

(গ) ডারউইন।

৩। কৈশোর কাল হল শিশু বিকাশের – ১

(ক) দ্বিতীয় স্তর ।

(খ) তৃতীয় স্তর ।

(গ) চতুর্থ স্তর ।

৪। 'পরেশ' গল্পের মজুমদার বংশের বাড়ির কর্তার নাম কী ? ১

৫। 'হেত্বাভাস' কথাটির অর্থ কী ? ১

৬। 'মানুষের মন' গল্পের পল্টু কার ছেলে ? ১

৭। কোন বিখ্যাত দার্শনিকের মতে আধ্যাত্মিকতার উপলব্ধিই শিক্ষার লক্ষ হওয়া উচিত। ১

৮। 'আমি যদি নেপোলিয়ান হইতাম, ওয়াটার্লু জিতিতে পারিতাম কিনা,' – নেপোলিয়ান কে ? ওয়াটার্লুর যুদ্ধে তিনি কার কাছে পরাজিত হয়েছিলেন ? ২

৯। 'আদালতের বিচারে তাঁহার দশ টাকা জরিমানা হইয়া গেল।' – কার, কী অপরাধের জন্য জরিমানা হয়েছিল ? ২

১০। 'ষ্টেনলি হলের মতে এই সময়টি জীবনের জটিলতম এবং সংকটপূর্ণ সময় ।' – জীবনের কোন পর্বের সময়ের কথা এখানে বলা হয়েছে ? এই বয়সের সময়সীমা উল্লেখ কর। ২

১১। প্রমাণ কয় প্রকার ও কী কী? ৩

১২। নরেশ এবং পরেশের চেহারার যে বর্ণনা গল্পকার তুলে ধরেছেন সংক্ষেপে তা আলোচনা কর। ৩

১৩। মূল্যবোধ শিক্ষা বলতে কী বোঝায় ? যে কোনো দু'টি মূল্যবোধের নাম উল্লেখ কর। ৩

১৪। কৈশোর কালের নৈতিক বিকাশের বিষয়ে আলোচনা কর। ৩

১৫। 'চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী। চোরের দন্ড হয়, চুরির মূল যে কৃপণ, তাহার দন্ড হয় না কেন ? ' – বিড়াল প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৫

## UNIT–II (Poetry)

### 'খ'– গুচ্ছ : (পদ্যাংশ)

*১৬ ও ১৭ নম্বর প্রশ্নের তিনটি করে উত্তর দেওয়া আছে– ক, খ, গ । প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ।*

১৬। 'জেন্দাবেস্তা–গ্রন্থসাহেব প'ড়ে যাও, যত সখ – ' – গ্রন্থসাহেব গ্রন্থটি – ১

(ক) খ্রিস্টানদের ধর্মগ্রন্থ ।

(খ) শিখদের ধর্মগ্রন্থ ।

(গ) বৌদ্ধধর্মগ্রন্থ ।

১৭। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' – কবিতাটি জীবনানন্দ দাশের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ? ১

(ক) ঝরাপালক ।

(খ) মহাপৃথিবী ।

(গ) রূপসী বাংলা ।

১৮। 'ভাগ করে খেতে হবে সকলের সাথে অন্নপান।'– 'অন্নপান' শব্দের অর্থ লিখ। ১

১৯। 'ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়' – কে ইন্দ্রের সভায় নেচেছিল ? ১

২০। 'চাষীদের ওই কালো ছেলে সব করেছে জয়,' – ছেলেটির নাম কী ? ১

২১। 'মানুষের নারায়ণে তবুও কর না নমস্কার।' – 'মানুষের নারায়ণে' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন ? ২

২২। 'সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ !' – পংক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ২

২৩। 'কালোয় যে জন আলো বানায়, ভুলায় সবার মন, তারি পদ–রজের লাগি লুটায় বৃন্দাবন।' – কবি কার কথা বলেছেন? 'পদ–রজ' শব্দের অর্থ লিখ। ২

২৪। 'তোমার আসন হতে যেথায় তাদের দিলে ঠেলে' – কে, কাকে ঠেলে দিয়েছে ? এর ফল কী হয়েছে ? ৩

২৫। টীকা লিখ : কনফুসিয়াস। ৩

২৬। 'জনম কালো, মরণ কালো, কালো ভুবনময়' – ব্যাখ্যা কর । ৩

২৭। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটির বক্তব্য বিষয় সংক্ষেপে বর্ণনা কর । ৫

## UNIT – III (Reading)

## 'গ'– গুচ্ছ : (পঠন)

২৮। নিম্নোক্ত রচনাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লিখ :

মধ্যযুগের শেষ পর্বের কবি ভারতচন্দ্রের জীবন বড়ই বিচিত্র। তাঁর সাহিত্যও চিত্তাকর্ষী। কবি ঈশ্বরগুপ্ত দীর্ঘদিনের পরিশ্রমে ভারতচন্দ্রের জীবনের নানা তথ্য সংগ্রহ করেছেন। সেই তথ্য অনুযায়ী জানা যায়, ধনী ভূস্বামী বংশে ভারতচন্দ্রের জন্ম হয়। ১৭০৫–১০ খিস্টাব্দের মধ্যে কোন এক সময়ে হাওড়া ও হুগলী জেলার অন্তর্গত ভুরসুট পরগণার অধীনে পেঁড়ো গ্রামে কবির জন্ম। তাঁর পিতা নরেন্দ্রনারায়ণ রায় একজন সম্ভ্রান্ত ভূম্যধিকারী ছিলেন। কোন কারণে বর্ধমানরাজ ক্রুদ্ধ হয়ে নরেন্দ্রনারায়ণের রাজ্য ভুরসুট আক্রমণ করে গ্রাস করেন। বর্ধমানের মহারাজের সঙ্গে বিবাদের ফলে নরেন্দ্রনারায়ণ সর্বস্বান্ত হন।

ফলে ধনীর দুলাল ভারতচন্দ্রকে ছেলেবেলা থেকেই নানা ভাগ্য বিপর্যয়ের মধ্যে পড়তে হয়। ভূস্বামী পিতা নিঃস্ব হলে কবিকে বাল্যকাল থেকেই মন্ডলঘাট পরগণার অধীনে নওয়াপাড়া গ্রামে মাতুলালয়ে থাকতে হয়। সেখানে মাত্র চৌদ্দ বৎসর বয়সেই তিনি সংস্কৃত ব্যাকরণ অধিগত করেন এবং এই বয়সেই গুরুজনের সম্মতির অপেক্ষা না রেখেই মাতুলালয়ের পার্শ্ববর্তী গ্রামে বিয়ে করেন। তখন অর্থকরী ফারসি শিক্ষা লাভই জীবিকার প্রধান অবলম্বন হওয়ায় বাঁশবেড়িয়ার বিখ্যাত রামচন্দ্র মুন্সীর কাছে ফারসি ভাষায় ব্যুৎপত্তি লাভ করেন।

ফারসি ভাষা শিক্ষালাভ করে বাড়ীতে ফিরে ভাইদের পরামর্শে পিতৃসম্পত্তি উদ্ধারের আশায় বর্ধমানে গিয়ে উপস্থিত হন, কিন্তু দুর্ভাগ্যক্রমে তিনি রাজকর্মচারীদের চক্রান্তে কারাগারে প্রেরিত হন। ভারতচন্দ্র ছিলেন অতিশয় বাক্‌পটু। কারাগারে থাকাকালীন তিনি কারাধ্যক্ষকে বিনয়নম্র বচনে বশীভূত করে কারাগার থেকে মুক্ত হন। এরপর পুরী, বৃন্দাবনে কিছুটা কাল কাটানোর পর সংসারে ফিরে আসেন। জীবিকার সন্ধানে প্রবৃত্ত হয়ে তিনি চন্দননগরের দেওয়ান ইন্দ্রনারায়ণ চৌধুরীর আশ্রয় প্রার্থনা করেন। কবির বিদ্যা–বুদ্ধির পরিচয় পেয়ে ইন্দ্রনারায়ণ নবদ্বীপের অধিপতি মহারাজ কৃষ্ণচন্দ্র রায়কে ভারতচন্দ্রের গ্রাসাচ্ছাদনের নিশ্চিন্ত ব্যবস্থা করে দেওয়ার অনুরোধ জানান। কবির প্রতিভায় মুগ্ধ হয়ে কৃষ্ণচন্দ্র তাঁকে মাসিক চল্লিশ টাকা বেতনে সভায় স্থান দেন। কৃষ্ণচন্দ্র কবিকে মুকুন্দের আদর্শে চণ্ডীমঙ্গলের ধারা অনুসরণ করে 'অন্নদামঙ্গল' কাব্য রচনার জন্য অনুরোধ করেন। এই কাব্যের জন্য তিনি কবিকে 'রায়গুণাকর' উপাধি প্রদান করেছিলেন।

(ক) কে ভারতচন্দ্রের জীবনের নানা তথ্য সংগ্রহ করেছিলেন ? ১

(খ) ভারতচন্দ্রের পিতার নাম কী ? ১

(গ) কত বৎসর বয়সে ভারতচন্দ্র সংস্কৃত ব্যাকরণ অধিগত করেন ? ১

(ঘ) ভারতচন্দ্র কোথায় এবং কাদের চক্রান্তে কারারুদ্ধ হয়েছিলেন ? ২

(ঙ) 'অন্নদামঙ্গল' কাব্য রচনার জন্য ভারতচন্দ্র কার থেকে কী উপাধি পেয়েছিলেন ? ২

২৯। সারাংশ লিখ :

পৃথিবীর মধ্যে মানবজাতিই সর্বশ্রেষ্ঠ। তাই মানব জীবনের দায়িত্ব ও কর্তব্য অনেক বেশি। পারিবারিক, সামাজিক, অর্থনৈতিক ইত্যাদি প্রত্যেক ক্ষেত্রেই মানুষের কর্তব্য থাকে । এই কর্তব্যগুলি সারাজীবন ধরে পালন করে যেতে হয়। এই কর্তব্য পালনের মধ্য দিয়েই মনুষ্যত্বের বিকাশ ঘটে। যদিও সবসময় কর্তব্য পালন করা সহজ হয় না ; ব্যাঘাত ঘটতে পারে নানা কারণে। তবুও আমাদের স্থির থেকে দায়িত্ব পালন করতে হয়। কর্তব্য পরায়ণ মানুষই জীবনে সফল হতে পারে।

## UNIT– IV (Writing)

## ‘ঘ’– গুচ্ছ : (লিখন)

৩০। স্বামী বিবেকানন্দ স্কুলে আগামী ২১ শে মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে রাজ্যস্তরের সঙ্গীত প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই প্রতিযোগিতায় অংশ গ্রহন করতে ইচ্ছুক ছাত্র–ছাত্রীদের জ্ঞাতার্থে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

৩১। তোমার গ্রামের নেতাজী মেলার আয়োজনের প্রস্তুতির বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর। ৩

৩২। তোমার বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়ানুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের বর্ণনা দিয়ে বন্ধুর কাছে একটি চিঠি লিখ। ৮

৩৩। নিম্নোক্ত যে কোনো একটি বিষয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা কর : ১২

(ক) ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য।

(খ) নিরক্ষরতা দূরীকরণ।

(গ) প্রাত্যহিক জীবনে বিজ্ঞান।

(ঘ) তোমার প্রিয় কবি।

## UNIT–V (Functional Grammar)

## ‘ঙ’– গুচ্ছ : (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। ব্যাসবাক্য সহ সমাস নির্নয় কর : শতাব্দী। ১

৩৫। যে সকল পদের যোগে সমাস হয় সেগুলিকে কী বলা হয় ? ১

৩৬। প্রত্যয় নির্ণয় কর ঃ শুনানি। ১

৩৭। শব্দের সঙ্গে যে প্রত্যয় ব্যবহার করা হয়, তার নাম কী ? ১

৩৮। কারক বিভক্তি নির্ণয় কর : ১×৩=৩

(ক) অন্ধজনে দেহ আলো।

(খ) পুকুরে মাছ আছে।

(গ) ছেলেরা বল খেলে।

৩৯। অশুদ্ধি সংশোধন কর : ১×৩=৩

ক্ষুদাপিপাসা, পুর্বাহ্ন, লক্ষি।